

# **া** সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১১৭৭

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২৬১. সূর্যগ্রহণের সালাত

باب صلاة الْكُسُوف

#### আরবী

حَدَّثَنَا عُثْمَانُ بْنُ أَبِي شَيْبَةَ، حَدَّثَنَا إِسْمَاعِيلُ ابْنُ عُلَيَّةَ، عَنِ ابْنِ جُرَيْجٍ، عَنْ عَطَاءٍ، عَنْ عُبَيْدِ بْنِ عُمَيْنٍ، أَخْبَرَنِي مَنْ، أُصَدِّقُ وَظَنَنْتُ أَنَّهُ يُرِيدُ عَائِشَةَ قَالَ كُسِفَتِ الشَّمْسُ عَلَى عَهْدِ النَّبِيِّ صلى الله عليه وسلم قِيَامًا شَدِيدًا يَقُومُ بِهِدِ النَّبِيِّ صلى الله عليه وسلم قِيَامًا شَدِيدًا يَقُومُ بِالنَّاسِ ثُمَّ يَرْكَعُ ثُمَّ يَرْكَعُ ثُمَّ يَرْكَعُ ثُمَّ يَرْكَعُ ثُمَّ يَوْمُ ثُمَّ يَرْكَعُ فَرَكَعَ رَكْعَتَيْنِ فِي كُلِّ رَكْعَةٍ ثَلَاثُ بِالنَّاسِ ثُمَّ يَرْكَعُ التَّالِثَةَ ثُمَّ يَسْجُدُ حَتَّى إِنَّ رِجَالاً يَوْمَئِذ لَيُغْشَى عَلَيْهِمْ مِمَّا قَامَ بِهِمْ حَتَّى إِنَّ رِجَالاً يَوْمَئِذ لَيُغْشَى عَلَيْهِمْ مِمَّا قَامَ بِهِمْ حَتَّى إِنَّ رَجَالاً يَوْمَئِذ لَيُغْشَى عَلَيْهِمْ مِمَّا قَامَ بِهِمْ حَتَّى إِنَّ سِجَالَ الْمَاءِ لَتُصَبَّ عَلَيْهِمْ يَقُولُ إِذَا رَكَعَ " اللهُ أَكْبَرُ " . وَإِذَا رَفَعَ " سَمِعَ اللهُ لِمَنْ عَلَيْهِمْ مَكَا لَاللهُ لِمَنْ عَلَيْهُمْ مَكَا لَا لَمُونَ لَكُونُ اللهُ لِمَنْ لَيَاتِ الشَّمْسُ ثُمَّ قَالَ " إِنَّ الشَّمْسُ وَالْقَمَرَ لَا يَنْكَسِفَانِ لِمَوْتَ أَحَدٍ وَلَا لِحَيْتِهِ وَلَكِنَّهُمَا آيَتَانِ مِنْ آيَاتِ اللهِ عَنَّ وَجَلَّ يُخَوِفُ بِهِمَا عِبَادَهُ فَإِذَا كُسِفَا فَافْزَعُوا إِلَى الصَّلَاةِ " إِنَّ الصَّيْلِة "

\_ صحيح : م لكن قوله : (ثلاث ركعات) شاذ ، والمحفوظ : (ركوعان) كما في الصحيحين ، و يأتي ١١٨٠

#### বাংলা

১১৭৭। 'আয়িশাহ্ (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, একদা নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম এর যুগে সূর্যগ্রহণ হলে নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম লোকদেরকে নিয়ে সালাতে দীর্ঘক্ষণ দাঁড়িয়ে থাকলেন। অতঃপর রুকৃ' করে আবার দাঁড়ালেন। আবার রুকৃ' করলেন এবং আবার দাঁড়ালেন। অতঃপর রুকৃ' করলেন। এভাবে দু' রাক'আত সালাত আদায় করলেন এবং প্রত্যেক রাক'আতে তিনটি করে রুকৃ' করার পর সিজদা্ করলেন। সালাতে দীর্ঘক্ষণ দাঁড়িয়ে থাকার ফলে কতিপয় লোক অজ্ঞান হয়ে যায় এবং তাদের উপর পানি ঢালা হয়।



তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) রুকৃ' করার সময় 'আল্লাহু আকবার; আর রুকৃ' হতে মাথা উঠানোর সময় 'সামিআল্লাহু লিমান হামিদাহ' বলেছেন এবং তাঁর সালাত অবস্থায়ই সূর্য গ্রহণ শেষ হয়ে যায়। অতঃপর তিনি বললেনঃ সূর্য কিংবা চন্দ্রগ্রহণ কারোর জন্ম বা মৃর্ত্যর কারণে হয় না, বরং তা মহাপরাক্রমশালী আল্লাহর নিদর্শনসমূহের দু'টি নিদর্শন। তিনি এর দ্বারা স্বীয় বান্দাদেরকে ভয় দেখিয়ে থাকেন। সুতরাং কখনো গ্রহণ হলে তোমরা সালাত আদায়ে মনোনিবেশ করবে।[1]

সহীহ : মুসলিম। কিন্তু (তিন রুকু) কথাটি শায। মাহফূয হচ্ছে (দুই রুকু)। যেমন বুখারী ও মুসলিমে রয়েছে। এছাড়া সামনে ১১৮০ নং এ আসছে।

### **English**

Narrated A'ishah (May Allah be pleased with her):

There was an eclipse of the sun in the time of the Prophet (ﷺ). The Prophet stood for a long time, accompanied by the people. He then bowed, then raised his head, then he bowed and then he raised his head, and again he bowed and prayed two rak'ahs of prayer. In each rak'ah he bowed three times. After bowing for the third time he prostrated himself. He stood for such a long time that some people became unconscious on that occasion and buckets of water had to be poured on them. When he bowed, he said, Allah is most great; and when he raised his head, he said, Allah listens to him who praises Him, till the sun became bright. then he said: The sun and the moon are not eclipsed on account of anyone's death or on account of anyone's birth, but they are two of Allah's signs, He produces dread in His servants by means of them. When they are eclipsed, hasten to prayer

## ফুটনোট

[1] মুসলিম (অধ্যায় : সূর্য গ্রহণ, অনুঃ সূর্য গ্রহণের সালাত), নাসায়ী (অধ্যায় : সূর্য গ্রহণ, হাঃ ১৪৬৯), আহমাদ (৬/৭৬), ইবনু খুযাইমাহ (হাঃ ১৩৮৩) 'উবাইদ ইবনু 'উমাইর হতে 'আয়িশাহ্ সূত্রে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন